


**ভর্তি বিজ্ঞপ্তি**

যুব উন্নয়ন অধিদপ্তর বগুড়া জেলা কার্যালয়ে যানবাহন চালনা প্রশিক্ষণ কোর্সে ভর্তির জন্য ১১-৩৫ বছর বয়সী আগ্রহী বেকার যুবক ও যুব নারীদের নিকট থেকে নিম্ন বর্ণিত শর্তাবলী অনুসরণপূর্বক নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

প্রশিক্ষণ কোর্সের নাম	কোর্সের মেয়াদ	শিক্ষাগত যোগ্যতা	আসন সংখ্যা	দরখাস্ত জমা দানের শেষ তারিখ	লিখিত/মৌখিক পরীক্ষার তারিখ ও সময়	প্রশিক্ষণ শুরুর তারিখ
যানবাহন চালনা (ড্রাইভিং)	০১ (এক মাস)	ন্যূনতম অষ্টম শ্রেণি/সমমান বা তদুর্ধ্ব	২০ জন	২৭/০৩/২০২৩ খ্রি.	২৮/০৩/২০২৩ খ্রি. সকাল ১১.০০ ঘটিকা	

**ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি/ শর্তাবলী**

- ০১। নিম্নস্বাক্ষরকারী বরাবর স্ব-হস্তে লিখিত আবেদন পত্রে (ক) প্রার্থীর নাম (বাংলা ও ইংরেজী) (খ) পিতা/স্বামীর নাম (বাংলা ও ইংরেজী) (গ) মাতার নাম (বাংলা ও ইংরেজী) (ঘ) জন্ম তারিখ (ঙ) বিজ্ঞপ্তি প্রদানের তারিখে বয়স (চ) জাতীয় পরিচয়পত্র নম্বর (যদি থাকে) অথবা জন্ম সনদপত্র (ছ) স্থায়ী ঠিকানা (জ) বর্তমান ঠিকানা (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) ধর্ম (ঠ) জেডার/লিঙ্গ (ড) মোবাইল নম্বর (ডে) ইতোপূর্বে গৃহীত প্রশিক্ষণ (যদি থাকে) (ণ) যুব সংগঠনের সদস্য হতে সংগঠনের নাম এবং (ত) ভবিষ্যত পরিকল্পনা উল্লেখ করতে হবে।
- ০২। আবেদন পত্রের সঙ্গে (ক) সত্যায়িত ২ কপি ছবি পাসপোর্ট সাইজের ছবি (খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ পত্রের সত্যায়িত অনুলিপি (গ) ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/মেয়র/প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব (ঘ) জাতীয় পরিচয় পত্র (ঙ) জন্ম সনদ পত্রের সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। সাক্ষাৎকার ও মনোনয়নকালে মূল সনদপত্র সংগে আনতে হবে।
- ০৩। আবেদন পত্র স্ব স্ব উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে অফিস চলাকালীন সময়ে জমা দিতে হবে।
- ০৪। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের নিমিত্তে আবেদনকারীকে নির্ধারিত তারিখে যুব উন্নয়ন অধিদপ্তর, নাটোর জেলা কার্যালয়ে উপস্থিত থাকতে হবে। এ জন্য কোন প্রকার টি,এ/ডি,এ প্রদান করা হবে না।
- ০৫। মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের সময় মূল কাগজ পত্র সংগে আনতে হবে।
- ০৬। নির্ধারিত আবেদন ফরম যুব উন্নয়ন অধিদপ্তরের [www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd) ওয়েব সাইটে পাওয়া যাবে। অথবা উপপরিচালকের কার্যালয়/উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় থেকে সংগ্রহ করা যাবে। ত্রুটিপূর্ণ/ অসম্পূর্ণ আবেদন পত্র সমূহ বাতিল বলে গণ্য হবে।
- ০৭। প্রশিক্ষণ চলাকালীন সময়ে প্রশিক্ষার্থীদের কেন্দ্রের যাবতীয় নিয়মকানুন মেনে চলতে হবে এবং নিয়মিত ক্লাশে উপস্থিত থাকতে হবে।
- ০৮। প্রশিক্ষণ কালীন সময়ে অবশ্যই মাস্ক পরিধান করতে হবে এবং করোনা ভাইরাস পরিস্থিতির কারণে সরকারী নির্দেশনা অনুসরণ করতে হবে।
- ০৯। প্রশিক্ষণ কোর্সটি আবাসিক/অনাবাসিক ভাবে পরিচালিত হবে।
- ১০। প্রশিক্ষার্থীদের লার্নার লাইসেন্স এবং পেশাদার ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তি ও মেডিক্যাল টেস্টের ব্যয় এ প্রকল্প হতে বহন করা হবে। মনোনীত প্রার্থীকে কোর্স ফি বাবদ ৫০/= (পঞ্চাশ) টাকা (অফেরতযোগ্য) জমা দিয়ে ভর্তি হতে হবে।
- ১১। প্রশিক্ষার্থীদের উপস্থিতির ভিত্তিতে প্রতিদিন ১৫০/= হারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে।
- ১২। অধ্যয়নরত ছাত্র ছাত্রীরা প্রশিক্ষণে ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবে।।

  
(কে.এম. আব্দুল মতিন)


উপপরিচালক  
যুব উন্নয়ন অধিদপ্তর, নাটোর।  
ফোন : ০২৫৮৮৮৭৩৬৬৯।

তারিখ : ১২/০৩/২০২৩ ইং

স্মারকনং- ৩৪.০১.৬৯০০.০০০.৩৮.৪৮১.২২-১২৫

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। পরিচালক প্রশিক্ষণ, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক (অ.দা.) যানবাহন পরিচালনা (ড্রাইভিং), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, নাটোর।
- ৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (সকল)..... উপজেলা, নাটোর।
- ৫। ..... সংগঠন, নাটোর।
- ৬। অফিস কপি/মাষ্টার ফাইল।

  
(মো: মখলেছুর রহমান)  
সহকারী পরিচালক  
যুব উন্নয়ন অধিদপ্তর, নাটোর।